Bangladesh

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;

ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)-৭(৮)/২০২০-২১/ ৪০৫ (১২০০) তারিখঃ ০৮/০৯/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহের (সিএসএমই ও বিআরপিডি-০৮ খাতে) নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ, শ্রমিক-কর্মচারীদের কাজে বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে ঋণ সুবিধা প্রবর্তনের লক্ষ্যে বিগত ০৫ এপ্রিল ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে আর্থিক সহায়তা ঘোষণা করেন (বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১২/০৪/২০২০), সিএমএসএমই খাতের জন্য (এসএমইএসপিডি সার্কুলার নং ০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০)। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ০৫/০৯/২০২১ তারিখ ভিত্তিক অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয়কার্যালয় | সিএমএসএমই | | | বিআরপিডি-০৮ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ঢাকা | ৪০.০০ | ১.১১ | ২.৭৮% | ২৫.০০ | ০.০০ | ০.০০% |
| ২ | ময়মনসিংহ | ২৪.০০ | ০.৪৮ | ২.০০% | - | - | - |
| ৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ২.৪১ | ৯.৬৪% | ১৭.০০ | ০.০০ | ০.০০% |
| ৪ | খুলনা | ১৫.০০ | ০.৩১ | ২.১০% | ১৫.০০ | ০.০০ | ০.০০% |
| ৫ | বরিশাল | ৬.০০ | ০.৪১ | ৬.৮৩% | - | - | - |
| ৬ | সিলেট | ১৫.০০ | ০.৭১ | ৪.৭৩% | - | - | - |
| ৭ | কুমিল্লা | ৩৩.০০ | ১.৪৯ | ৪.৫২% | - | - | - |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ১.২৫ | ৮.৩৩% | - | - | - |
| ৯ | কুষ্টিয়া | ২২.০০ | ১.৪৩ | ৬.৫% | - | - | - |
| ১০ | এলপিও | ৫.০০ | ০.০০ | ০.০০% | ৬৩.০০ | ৯.৯০ | ১৫.৭১% |
| মোট | | ২০০.০০ | ৯.৬০ | ৪.৮০% | ১২০.০০ | ৯.৯০ | ৮.২৫% |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়,

ক) সিএমএসএমই ঃ চলতি ২০২১-২০২২ অর্থবছরের দুই মাসেরও বেশি সময় অতিক্রান্ত হলেও প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতের ঋণ বিতরণের অর্জন সন্তোষজনক নয়। ২০০.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ০৫/০৯/২০২১ তারিখ ভিত্তিক এ খাতে বিতরণের অর্জন ৯.৬০ কোটি টাকা যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ৪.৮০%। কোন বিভাগই এ খাতে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। স্থানীয় মুখ্য কার্যালয় এ খাতে কোন ঋণ বিতরণ করতে পারেনি যা অত্যন্ত হতাশাব্যঞ্জক।

খ) বিআরপিডি-০৮ ঃ বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১২০.০০ কোটি টাকার বিপরীতে ০৫/০৯/২০২১ তারিখ ভিত্তিক বিতরণের অর্জন ৯.৯০ কোটি টাকা যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ৮.২৫%। স্থানীয় মুখ্য কার্যালয় ৯.৯০ কোটি টাকা বিতরণ করলেও ঢাকা, চট্টগ্রাম ও খুলনা বিভাগ নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন ঋণ বিতরণ করতে পারেনি যা অত্যন্ত হতাশাব্যঞ্জক।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহের (সিএসএমই ও বিআরপিডি-০৮ খাতে) নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহ এর জারীকৃত নীতিমালাসমূহ অনুসরণপূর্বক প্রনোদনা প্যাকেজসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করা জরুরী। এ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক প্রণোদনা প্যাকেজ সমূহের (বিআরপিডি-০৮ ও এসএমইএসপিডি-০১) এর আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রার শতভাগ আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে অর্জণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কঠোর দৃষ্টিতে দেখা হবে।

০৪। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিনিয়ত সংশ্লিষ্টদের কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ করছেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)-৭(৮)/২০২০-২১/ ৪০৫ (১২৫০) তারিখঃ ০৮/০৯/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৮/০৯/২০২১
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক